দৈনিক সংবাদ

MAR 04 2000

তারিখ ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৫ ...



দাউদকান্দি ঃ গতকাল এসএসসি পরীক্ষার প্রথম দিনে ইংরেজি প্রথম পত্র পরীক্ষা চলাকালে গৌরীপুর হাইস্কুল কেন্দ্রে অবাধে নকল সরবরাহের দৃশ্য — সংবাদ

## এসএসসি পরীক্ষার প্রথম দিনে ৬ হাজারেরও বেশি বহিষ্কার

# ভিড়ের চাপে ৬ জনের মৃত্যু, নকলে বাধা দেয়ায় ছুরিকাঘাতে নিহত ১

নিজস্ব বার্তা পরিবেশক ঃ এসএসসি পরীক্ষার প্রথম দিনে ইংরেজি প্রথম পত্রের পরীক্ষায় নকলের দায়ে সারাদেশে ৬ হাজারেরও বেশি পরীক্ষার্থীকে বহিষ্কারের ঘটনা ঘটেছে। সাতক্ষীরায় পরীক্ষা কেন্দ্রে বিশৃঙ্খল মানুষের ভিড়ের চাপে ২ জন পরীক্ষার্থীসহ ৬ জনের মৃত্যু হয়েছে। রাঙ্গামাটিতে নকল সরবরাহে বাধা দেয়ায় একজন ছুরিকাহত হয়ে মৃত্যুবরণ করেছে। এ সব ঘটনায় ৫০ জনেরও বেশি আহত হয়েছে।

'সংবাদ' প্রতিনিধিদের পাঠানো খবরে এসব তথ্য পাওয়া গেছে।

এসএসসি পরীক্ষা শুরুর পূর্বমুহূর্তে সাতক্ষীরার কলারোয়া সরকারি কলেজ কেন্দ্রে গতকাল ভিড়ের চাপে পায়ের তলায় পিষ্ট হয়ে ২ জন পরীক্ষার্থী, ১ জন শিক্ষিকাসহ ৬ জনের মর্মান্তিক মৃত্যু হয়েছে। আহত হয়েছে কম করে ৪০ জন। তাদেরকে বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনা তদন্তে এক সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। আহত ১৮ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিতে পারেনি। এ ঘটনায় উত্তেজিত জনতা দিনভর কলারোয়ায় লাশ নিয়ে মিছিল ও সমাবেশ করে। তারা ইটপাটকেল ছুড়ে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান ভাঙচুরসহ টিএনওকে ৫ ঘণ্টা অবরুদ্ধ করে রাখে হাসপাতালে। ক্রুদ্ধ জনতা থানা ঘেরাওসহ এডিশনাল এসপির গাড়িসহ বেশ কয়েকটি গাড়ি ভাঙচুর করে। দুপুর পর্যন্ত গাড়ি চলাচল বন্ধ থাকে। ঘটনার পর দুপুরে খুলনা থেকে এডিশনাল ডিআইজি ও সাতক্ষীরার ডিসি ঘটনাস্থলে গিয়ে টিএনওকে উদ্ধারসহ ক্রুদ্ধ জনতাকে শান্ত করেন।

ভিড়ের চাপে নিহতরা প্রথম দিন ঃ পৃঃ ২ কঃ ৫

## প্রথম দিন ঃ এসএসসি পরীক্ষা

( ১ম পৃষ্ঠার পর )

... হচ্ছেন— হঠাৎগঞ্জ ...

...র পিয়ন মোঃ আনিসকে (২৮) ...ঘাত করা হয়। হাসপাতালে নেয়ার ...সে মারা যায়।

...জেলার চান্দিনা হাই স্কুল ও ডাঃ ফিরোজা স্কুল কেন্দ্রে নকল সরবরাহকারীদের সাথে পুলিশের সংঘর্ষের ঘটনায় ১৪ জনকে গ্রেফতার করা হয়েছে।

কুমিল্লা শিক্ষা বোর্ডে বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ৮শ' ৫০, শিক্ষক ৬, নিহত ১ ও গ্রেফতার ১৪ জন। বহিষ্কৃতদের মধ্যে শিক্ষা বোর্ডের অধীন কুমিল্লায় ৪শ' ৩১, চাঁদপুর ৯২, ব্রাহ্মণবাড়িয়া ১৩, নোয়াখালী ১শ' ৬৭, ফেনী ৯৯, লক্ষ্মীপুর ৯৯, সুনামগঞ্জ ৩৬, মৌলভীবাজার ১৮ ও হবিগঞ্জ জেলায় ৫ জন। মৌলভীবাজারে ৬ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।

ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে বিভিন্ন জেলায় ১ হাজার ৪শ' ৯৪ বহিষ্কৃত হয়েছে। এর মধ্যে নারায়ণগঞ্জে ৩৬ জন, মুন্সিগঞ্জে ৫৪, নরসিংদীতে ১শ' ৪৭, মানিকগঞ্জে ৭১ জন, টাঙ্গাইলে ৪শ' ২৯ জন, ময়মনসিংহে ১শ' ৮৯, শেরপুরে ৯২, কিশোরগঞ্জে ৯৭, নেত্রকোনায় ১শ' ১৫, ফরিদপুরে ৫৯, গোপালগঞ্জে ২১, রাজবাড়িতে ৫৯, মাদারীপুরে ৯২ এবং শরীয়তপুরে ৩৩ জন পরীক্ষার্থী ...